

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - কাবীরাহ্ (কবিরা) গুনাহ ও মুনাফিকীর নিদর্শন

بَابُ الْكَبَائِرِ وَعَلَامَاتِ النِّفَاقِ الفصل الأول

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْكَبَائِرُ الْإِشْرَاكُ بِاللَّهِ وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْكَبَائِرُ الْإِشْرَاكُ بِاللَّهِ وَعَدُّلُ النَّفْسِ وَالْيَمِينِ الْعَمُوسِ» . رَوَاهُ البُخَارِيّ

বাংলা

৫০-[২] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কাউকে আল্লাহর সঙ্গে শরীক করা, পিতা-মাতার অবাধ্য হওয়া, কাউকেও হত্যা করা, মিথ্যা শপথ করা বড় গুনাহ। (বুখারী)[1]

English

Chapter: Major Sins and the Signs of Hypocrisy - Section 1

'Abdallah b. 'Amr reported God's messenger as saying, "The major sins are associating other objects of worship with God, disobedience to parents, murder, and deliberate perjury (al-yamin al-ghamus)."

Bukhari transmitted it.

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৬৬৭৫, নাসায়ী ৪০১১, তিরমিয়ী ৩০২১, আহমাদ ৬৮৮৪, দারিমী ২৪০৫, সহীহ আল জামি' ৪৬০১, সহীহ আত্ তারগীব ১৮৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লাহর সাথে অংশী স্থাপন করার মর্মার্থ হলো আল্লাহ ব্যতিরেকে অন্য কাউকে ইলাহ গ্রহণ করা। এর



দ্বারা উদ্দেশ হলো কুফরী করা। বিশেষভাবে শির্কের উল্লেখ করার কারণ হলো এর অস্তিত্বের প্রাধান্য বিশেষ করে তৎকালীন 'আরব দেশসমূহে। অতএব কুফরীর অন্যান্য প্রকার সম্পর্কে সতর্ক করার উদ্দেশে তা উল্লেখ করা হয়েছে।

পিতা-মাতার অবাধ্য হওয়ার মর্মার্থ হলো তাদের আদেশ অমান্য করা এবং তাদের সেবা না করা। এ থেকে উদ্দেশ্য হলো সন্তান কর্তৃক এমন কথা ও কাজ সম্পাদিত হওয়া যার কারণে পিতা-মাতা কন্ট পায়। তবে শির্ক ও আল্লাহর অবাধ্যতার ব্যাপারটি স্বতন্ত্র। অন্যায়ভাবে কাউকে হত্যা করা এবং মিথ্যা শপথ করাও কাবীরাহ্ (কবিরা) গুনাহের অন্তর্ভুক্ত। মিথ্যা শপথ বলতে অতীতে ঘটে যাওয়া কোন বিষয় সম্পর্কে স্বেচ্ছায় মিথ্যা শপথ করাকে বুঝানো হয়েছে। উদাহরণ স্বরূপ বলা যায়, সে যা করেনি সে সম্পর্কে এমন বলা যে, আল্লাহর শপথ আমি অবশ্যই তা করেছি। আর যা করেছে সে সম্পর্কে বলা যে, আল্লাহর শপথ আমি এটি করিনি। এ ধরনের শপথকে ప্রকর্তি বলার কারণ এই যে, এ ধরনের শপথ শপথকারীকে জাহান্নামে প্রবেশ করায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন